...DCC 12

08 JAN 1996

তারিখ ...08... 1996...
পৃষ্ঠা ...2... কলাম 3...

আজকের কাগজ

# স্বরাষ্ট্র মন্ত্রণালয় নাকচ করে দিলো ঢা.বিতে সর্বাত্মক অবৈধ অস্ত্র অভিযান 'অপারেশন মিডনাইট'

কাগজ প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ের সবগুলো হলে একসঙ্গে অভিযান চালিয়ে অস্ত্র উদ্ধারের একটি প্রস্তাব স্বরাষ্ট্রমন্ত্রণালয় নাকচ করে দিয়েছে। ১৫ হাজার পুলিশ, বিডিআর এবং সেনা সদস্য সমন্বয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ৪৮ ঘন্টার টানা অস্ত্র উদ্ধার অভিযানের জন্যে একটি বিস্তারিত পরিকল্পনা গ্রহণ করা হয়েছিলো। পরিকল্পনার নাম দেয়া হয়েছিলো 'অপারেশন মিড নাইট'। কোনো এক মধ্যরাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সবগুলো হল ক্যাম্পাস এবং সংলগ্ন বস্তি ও আবাসিক এলাকাগুলোতে একই সঙ্গে অস্ত্র উদ্ধার অভিযান পরিচালনাই ছিলো এই পরিকল্পনার অংশ। বিস্তারিত পরিকল্পনায় ছিলো, ১৫ হাজার অভিযান কর্মি প্রথমে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সবগুলো হলে অবস্থান নেবে এবং ' যে যেখানে আছে সেখানেই তল্লাশি' এই নীতির ভিত্তিতে অপারেশন পরিচালনা করবে। পরিকল্পনায় আরো উল্লেখ করা হয়েছিলো যে, একটি হলে পূর্ণাঙ্গ তল্লাশি না হওয়া পর্যন্ত হলগুলো থেকে কেউ বেরুতে পারবে না, কেউ প্রবেশও করতে পারবে না। হল তল্লাশি শেষ হবার পর যৌথ বাহিনী ক্যাম্পাসের রুম সংলগ্ন আবাসিক এলাকাগুলো এবং ক্যাম্পাস সংলগ্ন বস্তিগুলো তল্লাশি করবে। পুরো তল্লাশি অভিযান পরিচালনা করা হবে ৪৮ ঘন্টায়। এই সময় ক্যাম্পাসের ৮টি প্রবেশ পথ বন্ধ করা হবে। ছাত্র শিক্ষক ও কর্মচারিরা শুধু বৈধ পরিচয়পত্র দেখিয়ে ক্যাম্পাসে প্রবেশ করতে পারবেন।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ ধরনের সর্বাত্মক অভিযান পরিচালনার কারণ হিসেবে উল্লেখ করা হয় যে, ঢাকা মহানগরীতে মোট অবৈধ অস্ত্রের অন্তত ৬০ ভাগ ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে। মহানগরীর বিভিন্ন স্থানে অস্ত্র উদ্ধার অভিযান পরিচালিত হবার ফলে এখন অস্ত্রধারিরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে আশ্রয় নিয়েছে। তাই এই অপারেশন অতর্কিতে পরিচালনা করার প্রস্তাব করা হয়েছিলো, এমনকি স্বরাষ্ট্রমন্ত্রণালয়েও জানানো হয়নি যে অস্ত্র উদ্ধারের এই অভিযান কবে পরিচালিত হবে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানাচ্ছে, এই পরিকল্পনা অনুমোদনের জন্যে স্বরাষ্ট্রমন্ত্রণালয়ে পাঠানো হলে, স্বরাষ্ট্রমন্ত্রণালয় পরীক্ষা নিরীক্ষা করে তা নাকচ করে দেয়। সূত্র মতে, স্পর্শকাতর হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা চিহ্নিত তাই এখানে এ ধরনের অভিযান নেতিবাচক প্রতিক্রিয়া ফেলতে পারে। এ যুক্তিতে মন্ত্রণালয় ঐ প্রস্তাব নাকচ করে দিয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রণালয় সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে ক্যাম্পাসে যখন যেখানে প্রয়োজন সেখানে পূর্বানুমতি নিয়ে অপারেশান পরিচালনার পরামর্শ দিয়েছে। কিন্তু, ক্যাম্পাসে অস্ত্রধারী সন্ত্রাসী অধিকাংশই ছাত্রদলের ছত্রছায়ায় অকারণেই 'অপারেশন মিড নাইট' অনুমোদন পায়নি বলে সংশ্লিষ্ট মহলের ধারণা।